



# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট ।

আলমপুর, দক্ষিণসুরমা, সিলেট ।

[www.sylhetboard.gov.bd](http://www.sylhetboard.gov.bd), e-mail: [sbcontroller16@gmail.com](mailto:sbcontroller16@gmail.com)

স্মারক : শিশিবো/পনি/মাধ্য/২০২৬/৯৬৭

তারিখ : ২২/০৪/২০২৬ খ্রি.

বিষয় : এসএসসি পরীক্ষা-২০২৬ এর দুটি সিলেবাসের প্রশ্নপত্র সাবধানে শিক্ষার্থীদের মাঝে বিতরণ প্রসঙ্গে ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের নির্দেশনা অনুযায়ী এসএসসি পরীক্ষা-২০২৬ এর দুটি পৃথক সিলেবাস অনুযায়ী প্রশ্নপত্র প্রণয়ন করা হয়েছে ।

ক) অনিয়মিত/মানোন্নয়ন পরীক্ষার্থীরা (২০২৩-২০২৪ সেশন ও তার পূর্বের) ২০২৫ সালের এসএসসি পরীক্ষার সিলেবাস অনুযায়ী প্রণীত প্রশ্নপত্রে পরীক্ষায় অংশগ্রহণ করবে ।


খ) নিয়মিত পরীক্ষার্থীরা (২০২৪-২০২৫ সেশন) ২০২৬ সালের এসএসসি পরীক্ষার সিলেবাস অনুযায়ী প্রণীত প্রশ্নপত্রে পরীক্ষায় অংশগ্রহণ করবে ।

দুই ধরনের পরীক্ষার্থীদের জন্য ভিন্ন ভিন্ন দুই ধরনের প্রশ্ন প্রণয়ন করা হয়েছে । পরীক্ষার সুষ্ঠু পরিবেশ, স্বচ্ছতা ও শৃঙ্খলা বজায় রাখার স্বার্থে পরীক্ষার্থীদের মাঝে সঠিক সিলেবাস অনুযায়ী প্রশ্নপত্র বিতরণ করা অত্যন্ত গুরুত্বপূর্ণ । প্রশ্নপত্র বিতরণের পূর্বে প্রশ্নপত্রে উল্লেখিত সংশ্লিষ্ট বিষয়ের সিলেবাস ও প্রশ্নপত্রের কোড যথাযথভাবে যাচাই করে অত্যন্ত সতর্কতার সাথে পরীক্ষার্থীদের মধ্যে বিতরণ করতে হবে । এ বিষয়ে কোনো ধরনের ভুল বা অসাবধানতা সম্পূর্ণভাবে পরিহার করতে হবে । প্রশ্নপত্র বিতরণের সময় দায়িত্বপ্রাপ্ত কক্ষ প্রত্যবেক্ষকগণকেও বিষয়টি সম্পর্কে অবহিত করে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে হবে ।

উল্লেখ্য, প্রশ্নপত্র বিতরণে কোনো ধরনের ত্রুটি পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট কেন্দ্র সচিব ও কক্ষপ্রত্যবেক্ষক দায়ী থাকবেন এবং পরীক্ষার সকল কার্যক্রম থেকে অব্যাহতি প্রদানসহ তাদের বিরুদ্ধে বিভাগীয় শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে ।

এমতাবস্থায়, বিষয়টি সর্বোচ্চ গুরুত্বসহকারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো ।

বিষয়টি অতীব জরুরী

  
২২.০৪.২০২৬

(প্রফেসর বিলকিস ইয়াছমীন)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড  
সিলেট ।

e-mail: [sbcontroller16@gmail.com](mailto:sbcontroller16@gmail.com)

কেন্দ্র সচিব

সিলেট শিক্ষা বোর্ডের আওতাধীন এসএসসি পরীক্ষা-২০২৬ এর কেন্দ্রসমূহ ।

অনুলিপি, অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে :

- ১। জেলা প্রশাসক-সিলেট/হবিগঞ্জ/মৌলভীবাজার/সুনামগঞ্জ ।
- ২। মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা ।
- ৪। উপজেলা নির্বাহী কর্মকর্তা, সিলেট শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা ।
- ৫। জেলা শিক্ষা কর্মকর্তা, সিলেট শিক্ষা বোর্ডের আওতাধীন সকল জেলা ।
- ৬। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, সিলেট শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা/থানা ।
- ৭। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট ।
- ৮। অফিস কপি ।